




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিজ্ঞপ্তি

তারিখ: ০৯/০৯/২০২০ খ্রিস্টাব্দ

সূত্র: ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/১/২১১৬

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী মুজিববর্ষ-২০২০ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের অংশগ্রহণে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামাচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়' শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনধিক ২,৫০০ শব্দের মধ্যে A4 অফসেট কাগজে স্বহস্তে লিখিত রচনা আগামী ২৬/০৯/২০২০ খ্রিস্টাব্দ তারিখ রোজ শনিবার বেলা ১১.০০ টার মধ্যে বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো. মহিউদ্দিন এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া গেল। প্রতিযোগীদেরকে কলেজ ভর্তির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, কলেজ পরিচয়পত্রের ফটোকপি ও ১কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি রচনার সাথে জমা দিতে হবে।

  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

নং: ৫৪৩

শিক্ষিত কাইল নং:

প্রেরণের তারিখ: ০৭/০৭/২০২০



গ্রহিতার স্বাক্ষর

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

(একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্ত)

সূত্র: ০১(১৬২)জাতীয়বিঃ/প্রশাঃ/৯২/১/২১৬১

তারিখ:

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অধ্যক্ষ

অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর “অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক রচনা প্রতিযোগিতা।

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাধিক কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এরই অংশ হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নত শিক্ষার্থীদের অংশগ্রহণে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক এক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসুখ আপনার কলেজ/প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছ থেকে উপযুক্ত বিষয়ে রচনা আহ্বান করে তা থেকে যাচাই-বাছাইপূর্বক নির্বাচিত ০৩ (তিন)টি সেরা রচনা নিম্নস্বাক্ষরকারীর বরাবরে [mbec2020nu@gmail.com](mailto:mbec2020nu@gmail.com) ই-মেইলে একটি ডকুমেন্ট ফাইলে এবং শিক্ষার্থীর প্রমাণপত্র হিসেবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের স্ক্যান কপি, পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি ও পরিচিতিসহ অপর একটি ডকুমেন্ট ফাইলে অধ্যক্ষের অগ্রায়নপত্রসহ আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। রচনার শব্দ সংখ্যা সর্বোচ্চ ২৫০০ (দুই হাজার পাঁচশত)-এর মধ্যে সীমাবদ্ধ থাকা আবশ্যিকীয়। একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা প্রতিযোগিতায় প্রাপ্ত রচনাসমূহ মূল্যায়ন করা হবে এবং এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। উল্লেখ্য, মুজিববর্ষের রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদ ও পুরস্কার প্রদান করা হবে। প্রথম পুরস্কার ৫০,০০০/- (পঞ্চাশ হাজার), দ্বিতীয় পুরস্কার ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং তৃতীয় পুরস্কার ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

০৬/০৯/২০২০

(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

মোবাইল- ০১৭১১ ৮৮৯৯৬৯

তারিখ:

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সূত্র: ০১(১৬২)জাতীয়বিঃ/প্রশাঃ/৯২/১/২১৬১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে আপলোডসহ অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গ্রুপ ই-মেইলের মাধ্যমে পত্রটি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৫. পরিচালক, জনসংযোগ, তথ্য পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার (কম্পিউটার), রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।

০৬/০৯/২০২০

(জয়ন্ত ভট্টাচার্য)

উপ-রেজিস্ট্রার, প্রশাসন (পরিষদ)

ফোন- ০২-৯২৯১০৫১

ফ্যাক্স- ০২-৯২৯১০৪৮

পিএবিএক্স- ২১৪/৬৩৮৮

মোবাইল: ০১৭৭৭৭৮৯০৪৮

আইপি- ২১২২১৩০

e-mail: [council@nu.edu.bd](mailto:council@nu.edu.bd)